# AKASHVANI KOLKATA
## RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**Date 02-09-2026** **Time: 1.40 P.M.**

রাজ্যের আসন্ন পুর নির্বাচনের প্রস্তুতি খতিয়ে দেখতে সংশ্লিষ্ট জেলাশাসকদের সঙ্গে আজ জরুরি বৈঠকে বসেছে রাজ্য নির্বাচন কমিশন। যে জেলাগুলিতে নির্বাচন হওয়ার কথা রয়েছে, সেখানে প্রশাসনিক প্রস্তুতি, ইভিএমের সংখ্যা ও সংরক্ষণ ব্যবস্থা, ভোটকেন্দ্রের পরিকাঠামো, জনবল এবং আইনশৃঙ্খলা-সহ সার্বিক পরিস্থিতি নিয়ে বিস্তারিত আলোচনা হচ্ছে। পাশাপাশি নির্বাচনী সূচি ঘোষণার আগে কোনও ক্ষেত্রে সমস্যা বা ঘাটতি থাকলে তা দ্রুত চিহ্নিত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার বিষয়েও জেলা প্রশাসনকে নির্দেশ দেওয়া হতে পারে।

oooooooooooooooo

ক্যামাক স্ট্রিটে অভিষেক ব্যানার্জীর অফিসে অশান্তি ও পুলিশী নিগ্রহের ঘটনায় রাজ্যসভার সাংসদ ডেরেক ওব্রায়ন আজ শেক্সপিয়ার সরণী থানায় হাজিরা দিয়েছেন। তাঁকে সেখানে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে।

অভিষেকের আপ্ত সহায়ক সুমিত রায়েরও আজই সেখানে হাজিরা দেওয়ার কথা। গতকাল অভিষেককে দীর্ঘক্ষণ জেরা করা হয় ওই থানায় ।

উল্লেখ্য এই ঘটনায় পুলিশ ১৪ জনকে আগেই গ্রেফতার করে। তাদের আজ আদালতে তোলা হবে।

অন্যদিকে, জাতীয় সড়কে টোল জালিয়াতির তদন্তের সূত্রে শেক্সপিয়ার সরণীতে তল্লাশি চালাচ্ছে। তিনতলার একটি ফ্ল্যাটে ইডি তদন্ত চালায়। অনুমোদনহীন সফ্টওয়ার

ব্যবহার করে টোল আদায়ের এই জালিয়াতিতে একাধিক সংস্থা জড়িত বলে জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০০

সিপিয়াইএম নেতা লাহেক আলিকে ১০ সেপ্টেম্বর পর্যন্ত অন্তর্বর্তীকালীন জামিন দিয়েছে কলকাতা হাইকোর্ট। তাঁর মা গুরুতর অসুস্থ অবস্থায়  হাসপাতালে ভর্তি। ভেন্টিলেশন  সাপোর্টে রয়েছেন । এই পরিস্থিতিতে তার জামিন মঞ্জুর করার আবেদন জানিয়েছিলেন আইনজীবীরা।বিচারপতি তীর্থঙ্কর ঘোষ  আজ তাকে আপাতত ১০ সেপ্টেম্বর পর্যন্ত জামিন মঞ্জুর করেছেন। তবে তিনি এলাকার বাইরে যেতে পারবেন না।পাশাপাশি বারুইপুর থানা ডাকলে জিজ্ঞাসাবাদে হাজির হতে হবে।

উল্লেখ্য ১২  জুলাই লাহেক আলিকে গ্রেফতার করে পুলিশ। বারুইপুরে ধর্ষণের ঘটনার পর গণপিটুনিতে একজনের মৃত্যুর  ঘটনায় উস্কানীমূলক কথা বলার জন্য তাকে পুলিশ গ্রেফতার করে। গত ৫০ দিন ধরে জেলে রয়েছেন তিনি।
আগামী ৯ সেপ্টেম্বর ফের মামলার শুনানি। পুলিশকে ঐদিন রিপোর্ট দিতে নির্দেশ দিয়েছেন বিচারপতি।

০০০০০০০০০০০০০০০০০

পূর্ব মেদিনীপুর জেলার নন্দীগ্রাম -১ ব্লক তৃণমূল কংগ্রেসের প্রাক্তন সভাপতি ও কোর কমিটির সদস্য বাপ্পাদিত্য গর্গকে পুলিশ গ্রেফতার করেছে। তার বিরুদ্ধে নির্বাচনের সময় অশান্তি বাধানোর অভিযোগ রয়েছে। ধৃত তৃণমূল নেতাকে আজ হলদিয়া মহকুমা আদালতে তোলা হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০

কেরলায় নির্মাণ শ্রমিকের কাজ করতে গিয়ে মুর্শিদাবাদের ভগবানগোলার সুন্দরপুরের এক যুবকের মৃত্যু হয়েছে। কুরবান শেখ নামে ওই যুবক মালদহের

বৈষ্ণবনগরের আরও কয়েক জন যুবকের সঙ্গে ওই নির্মাণ সংস্থায়  কাজ করতেন। সম্প্রতি তাদের সঙ্গে বচসার জেরে ওই সহকর্মীরা কুরবানের ওপর হামলা চালায় বলে অভিযোগ। আশঙ্কাজনক অবস্থায় তাঁকে স্থানীয় একটি হাসপাতালে ভর্তি করা হয়। সেখানে দেড়মাসের বেশী চিকিৎসাধীন থাকার পর গত শনিবার মৃত্যু হয় কুর্বানের। সোমবার রাতে তাঁর দেহ বাড়িতে নিয়ে যাওয়া হলে শোকের ছায়া নেমে আসে।

oooooooooooooooo

কর্ণাটকের বেঙ্গালুরুতে ৩১ জন বাংলাদেশীকে পুলিশ গ্রেফতার করেছে। এদের গতরাতে মালদায় নিয়ে আসা হয়। ধৃতদের মধ্যে ১১ জন মহিলা ও তিনটি শিশু । পুলিশ সূত্রে জানা গেছে বেশ কিছুদিন ধরে এই বাংলাদেশী অনুপ্রবেশকারীরা বেঙ্গালুরুতে ছিলেন। তাদের কাছে কোন বৈধ কাগজপত্র পাওয়া যায়নি। আপাতত তাঁদের হোল্ডিং সেন্টারে রাখা হবে। পরে বিএসএফের মাধ্যমে ফেরত পাঠানো হবে বাংলাদেশে।

ooooooooooooooooo

দার্জিলিং স্টেশনে আজ সকালে হঠাৎই হেরিটেজ শেড ভেঙে পড়লে  সাতজন কর্মী জখম হয়েছেন । তাদের দ্রুত উদ্ধার করে হাসপাতালে নিয়ে যাওয়া হয়।

স্থানীয় সূত্রে জানা গিয়েছে, দার্জিলিং স্টেশনের যে অংশে টয় ট্রেনের স্টিম ও ডিজেল ইঞ্জিন রাখা হয় এবং জয়রাইডের জন্য ইঞ্জিনগুলি ছাড়ে, সেখানেই শেড ছিল। আজ  সকালে শেডের নীচে বেশ কয়েকজন কর্মী কাজ করছিলেন। আচমকাই শেডের একটি বড় অংশ ভেঙে পড়ায় তাঁরা আহত হন।

প্রাথমিকভাবে স্থানীয়দের একাংশের দাবি, দীর্ঘদিন রক্ষণাবেক্ষণের অভাবেই হেরিটেজ শেডটির এই পরিস্থিতি তৈরি হয়েছিল। যদিও শেড ভেঙে পড়ার প্রকৃত কারণ এখনও স্পষ্ট নয়।

oooooooooooooooo

পশ্চিমবঙ্গ ও সংলগ্ন উত্তর ওড়িশার উপর তৈরি সুস্পষ্ট নিম্নচাপ ধীরে ধীরে পশ্চিম উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হচ্ছে। এদিকে রাজ্যের উপর দিয়ে বিস্তৃত রয়েছে সক্রিয় মৌসুমী অক্ষরেখা। এর প্রভাবে আজও দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় বিক্ষিপ্তভাবে ভারী বৃষ্টির সম্ভাবনা। কলকাতা , হাওড়া, হুগলী, দক্ষিণ ২৪ পরগনা এবং পূর্ব বর্ধমান জেলায় বজ্রপাত ও দমকা হাওয়া সহ ভারী বৃষ্টির কমলা সর্তকতা জারি করা হয়েছে। কলকাতা ও সংলগ্ন এলাকায় ইতিমধ্যে শুরু হয়েছে বৃষ্টি।

গত ২৪ ঘন্টায় দক্ষিণবঙ্গে সব থেকে বেশী বৃষ্টি হয়েছে বীরভূমের শ্রীনিকেতনে প্রায় ২৬৩ মিলিমিটার, পশ্চিম বর্ধমানের বার্নপুরে ২১৫ মিলিমিটার এবং আলিপুরে ১২৮ মিলিমিটার বৃষ্টি হয়েছে।

এদিকে, আর একটি নিম্নচাপ অক্ষরেখার কারণে উত্তরবঙ্গে হিমালয় সন্নিহিত ৫ জেলায় বিক্ষিপ্তভাবে ভারী বৃষ্টির সতর্কতা জারি করেছে আবহাওয়া দফতর। বাকি তিন জেলাতেও বিক্ষিপ্ত বৃষ্টির সম্ভাবনা।

oooooooooooooooooo

পশ্চিম বর্ধমানের, আসানসোলে গত সন্ধে থেকে টানা বৃষ্টির জেরে রেলপাড়ের বিস্তীর্ণ এলাকা ফের জলমগ্ন হয়ে পড়ে। রামকৃষ্ণ ডাঙাল, দিলদারনগর ও চাঁদমারির রাস্তায় জল জমে যায়। গারুই নদীর জল বিপদসীমার ওপর দিয়ে প্রবাহিত হওয়ায় নদীসংলগ্ন বহু বসতবাড়িতে জল ঢুকে গেছে। যাতায়াতের প্রধান মাধ্যম রেল টানেলগুলিতে জল জমায় রাতভর ব্যাহত হয় যোগাযোগ। স্থানীয় বাসিন্দাদের নিরাপদ আশ্রয়ে সরে যাওয়ার পরামর্শ দেওয়া হয়। তবে গভীর রাতে বৃষ্টি কমলে নিচু এলাকা ও রেল টানেল থেকে জল নামতে শুরু করে। সকাল থেকে শুরু হয় স্বাভাবিক যাতায়াত।

আসানসোলের পাশাপাশি রানিগঞ্জেও বৃষ্টিতে জনজীবন বিপর্যস্ত। শিশুবাগান মোড় জাতীয় সড়কের ওপর একটি গাছ উপড়ে পড়ায় রানিগঞ্জের পাঞ্জাবি মোড় থেকে মেজিয়া পর্যন্ত জাতীয় সড়কে সমস্ত যানবাহন, বিশেষ করে ভারী যান চলাচল সম্পূর্ণ বন্ধ হয়ে যায়। অবরুদ্ধ হয়ে পড়ে ৬০ নম্বর জাতীয় সড়ক।

ooooooooooooooooo

গঙ্গা জলস্তর কমতেই মালদার ভূতনি এলাকায় শুরু হয়েছে নদীভাঙন। কেশরপুর বাঁধে ভাঙন দেখা দেওয়ায় আতঙ্কে তার ওপর বসবাসকারী তিনশোর বেশি পরিবার নিজেদের ঘরবাড়ি ছেড়ে বাঁধের নিচে

অসংরক্ষিত এলাকাতেই আশ্রয় নিচ্ছেন । ভাঙন কবলিত কেশরপুর এলাকা পরিদর্শনে যান মানিকচকের বিধায়ক গৌড়চন্দ্র মন্ডল, বিডিও সৌরভ কুমার মন্ডল এবং সদর মহকুমা শাসক-সহ প্রশাসন ও সেচ দপ্তরের আধিকারিকরা।

কেশরপুর ছাড়াও কালুটনটোলা ও পশ্চিম রতনপুর এলাকাতেও নদীভাঙনের পরিস্থিতি খতিয়ে দেখেন তাঁরা।পরিস্থিতি সরেজমিনে দেখে বাঁধে বসবাসকারী পরিবারগুলির অন্যত্র থাকার ব্যবস্থা করার জন্য প্রশাসনকে উদ্যোগী হওয়ার নির্দেশ দেন বিধায়ক। পাশাপাশি সেচ দপ্তরের আধিকারিকদের যুদ্ধকালীন তৎপরতায় বাঁধ মেরামতির কাজ করারও নির্দেশ দেওয়া হয়েছে।

ভূতনি এলাকায় যাতে কোনওভাবেই গঙ্গার জল ঢুকে পড়তে না পারে, সেদিকে বিশেষ নজর দিতে বলা হয়েছে সেচ দপ্তরকে। পাশাপাশি, জরুরি পরিস্থিতির কথা মাথায় রেখে বিকল্প হিসেবে একটি অস্থায়ী বাঁধ নির্মাণের নির্দেশ দেওয়া হয়েছে। মূল বাঁধ কোনওভাবে ক্ষতিগ্রস্ত বা ভেঙে গেলে যাতে ওই অস্থায়ী বাঁধ জল আটকাতে পারে, সেই লক্ষ্যেই এই উদ্যোগ বলে জানা গেছে।

এদিকে, বাঁকুড়ায় অবিরাম বৃষ্টির জেরে জলস্তর বেড়ে যাওয়ায় দামোদর নদের দুর্গাপুর জলাধার থেকে জল ছাড়ার পরিমাণ বাড়িয়েছে ব্যারেজ কর্তৃপক্ষ। আজ সকাল দশটা ও এগারোটা নাগাদ ৯৬ হাজার ৯০০ কিউসেক হারে জল ছাড়া হয়। দামোদর পার্শ্ববর্তী মানাচর এলাকার বাসিন্দাদের সতর্ক করা হয়েছে।

অন্যদিতে, দামোদর ও বরাকর নদীর অববাহিকায় ভারী বৃষ্টির পূর্বাভাস থাকায় ডিভিসির মাইথন ও পাঞ্চেত ড্যাম থেকে জল ছাড়ার পরিমাণ ধীরে ধীরে বাড়ানো হচ্ছে।

ডিভিসি সূত্র অনুযায়ী, মাইথন ড্যামের বর্তমান জলস্তর রয়েছে ৪৮৪.২৫ ফুট। গত ২৪ ঘণ্টায় এই জলাধার থেকে গড়ে প্রায় ৬ হাজার ৪২৫ কিউসেক হারে জল ছাড়া হয়। অন্যদিকে, পাঞ্চেত ড্যামের বর্তমান জলস্তর রয়েছে ৪১৪.১১ ফুট। সেখান থেকে ২৪ ঘণ্টায় গড়ে প্রায় ৪৪ হাজার ৩৭০ কিউসেক হারে জল ছাড়া শুরু হয়।

বর্তমানে দুটি ড্যাম মিলিয়ে মোট জল ছাড়ার পরিমাণ দাঁড়িয়েছে গড়ে প্রায় ৫০ হাজার ৭৯৫ কিউসেক। আবহাওয়া দফতর জানিয়েছে, উপত্যকা অঞ্চলে বৃষ্টিপাতের পরিমাণ আরও বাড়লে জলাধারগুলিতে জলপ্রবাহ বৃদ্ধি পেতে পারে, ফলে পরিস্থিতির ওপর নজর রেখে জল ছাড়ার মাত্রা আরও সামঞ্জস্য করা হবে। দামোদর অববাহিকার নিম্নাঞ্চল এবং নদী তীরবর্তী এলাকার বাসিন্দাদের সতর্ক থাকার পরামর্শ দেওয়া হয়েছে।

oooooooooooooooo